



রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
আর.ডি.এ. ভবন
বনলতা বা/এ, রাজশাহী-৬২০৩।
www.rdarajshahi.gov.bd



স্মারক নং- ২৫.৪০.০০০০.০০০.০০২.৯৯.০২.২৬- ১৩৩


তারিখ- ২০/০৮/২০২৬

নিলাম বিজ্ঞপ্তি

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আরডিএ মার্কেটের ব্যবহার অযোগ্য মালামাল ০১ নং গ্রুপ, আরডিএ পার্কের অভ্যন্তরীণ গাছ ০২ নং গ্রুপ, শিরোইল বাস টার্মিনালের ব্যবহার অযোগ্য বিল বোর্ডের মালামাল ০৩ নং গ্রুপ এবং ঢাকাস্থ লিয়াজো অফিস কাম-রেস্ট হাউজের ব্যবহার অযোগ্য মালামাল ০৪ নং গ্রুপের মাধ্যমে নিলাম বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হতে পৃথকভাবে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

- ১। দরপত্রসমূহ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, আরডিএ ভবন, রাজশাহীতে রক্ষিত নির্ধারিত টেন্ডার বাস্কে আগামী ০৫/০৫/২০২৬ তারিখে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিনই দুপুর ২:৩০ ঘটিকায় ইচ্ছুক দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) কর্তৃপক্ষের নির্ধারিত কার্যালয়ে টেন্ডার বাস্ক উন্মুক্ত করা হবে।
- ২। নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ফরম ও বিশেষ শর্তাবলী প্রতি সেট =২০০/- (দুইশত) টাকা (অফেরৎ যোগ্য) নগদ প্রদানের বিনিময়ে অগ্রণী ব্যাংক লিঃ, আরডিএ ভবন শাখা হতে সকল কার্যদিবসে ব্যাংকের কার্যক্রম চলাকালীন আগামী ০৪/০৫/২০২৬ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে।
- ৩। উদ্ধৃত মূল্যের অতিরিক্ত হিসেবে সরকারী নিয়মে আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।
- ৪। নিলামযোগ্য গাছপালাসমূহের সংক্ষিপ্ত বিবরণ ও শর্তাবলী নিলাম দরপত্র সেটে উল্লেখ থাকবে এবং অফিস হতে জানা যাবে।
- ৫। কোন কারণ না দর্শিয়ে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা সকল নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ৬। প্রতিটি গ্রুপের জন্য পৃথক দরপত্র ক্রয় করতে হবে এবং খামের উপর গ্রুপ নং ও গ্রুপের নাম স্পষ্ট অক্ষরে লিখে দাখিল করতে হবে।

বিঃদ্রঃ অনিবার্য কারণবশতঃ দরপত্র গ্রহণের দিন কোন সরকারি ছুটি ঘোষিত হলে/ব্যাংক কার্যক্রম বন্ধ থাকলে পরবর্তী প্রথম কার্যদিবসে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র গ্রহণ ও খোলার সময় ও স্থান অপরিবর্তিত থাকবে।


20/08/2026
(মো: আব্দুল্লাহ আল তারিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডাঃ)
রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
e-mail: rda.engineering1@gmail.com